

উবার অ্যাপে ডাকা যাবে হেলিকপ্টার

- A Monitor Desk Report

Date: 17 September, 2025



ঢাকাঃ রাইড-শেয়ারিং সেবায় বৈপ্লবিক পরিবর্তন আনতে যাচ্ছে উবার। এবার শুধু গাড়ি নয়, সরাসরি উবার অ্যাপ ব্যবহার করেই বুক করা যাবে হেলিকপ্টার কিংবা সি-প্লেন! এ নিয়ে বিশ্বজুড়ে প্রযুক্তিপ্রেমীদের মধ্যে তৈরি হয়েছে ব্যাপক আগ্রহ।

সানফ্রান্সিসকো ভিত্তিক এই প্রতিষ্ঠানটি ঘোষণা দিয়েছে, আগামী বছরের মধ্যেই চালু করা হবে এই নতুন পরিষেবা। এই লক্ষ্যে তারা যৌথভাবে কাজ করছে ইলেকট্রিক এয়ার ট্যাক্সি নির্মাতা প্রতিষ্ঠান জোবি এভিয়েশনের সঙ্গে।

সম্প্রতি যাত্রী পরিবহন সেবা দিয়ে পরিচিত ব্লুড এয়ার মোবিলিটিকেও অধিগ্রহণ করেছে জোবি, ফলে যাত্রী পরিবহন সুবিধা এক ছাতার নিচে আনতে যাচ্ছে উবার।

সেবা চালু হলে উবার অ্যাপ থেকেই ঠিক যেমনভাবে গাড়ি বুক করা হয়, ঠিক তেমনি বুক করা যাবে হেলিকপ্টার বা সি-প্লেনও। উবারের দাবি, এই পরিষেবার ফলে শহরের যাতায়াত আরও দ্রুত, স্মার্ট ও সুবিধাজনক হবে। বিশেষ করে বিমানবন্দরের মতো ব্লুটে, যেখানে সময় বাঁচানো জরুরি, সেখানে এই এয়ার রাইড হতে পারে বড় সমাধান।

যদিও এখনো নির্দিষ্ট রুট বা ভাড়া চূড়ান্ত হয়নি, তবে প্রাথমিক ধারণা মিলছে জোবির সহযোগী প্রতিষ্ঠান ব্লুডের বর্তমান সেবার ভিত্তিতে।

ব্লুডের ওয়েবসাইট অনুযায়ী, ম্যানহাটন থেকে নিউইয়র্কের জন এফ কেনেডি (JFK) অথবা নিউ জার্সির লিবার্টি আন্তর্জাতিক বিমানবন্দর পর্যন্ত হেলিকপ্টার রাইডের ভাড়া গড়ে ১৯৫ ডলার। অর্থাৎ বাংলাদেশি মুদ্রায় প্রায় ২২ হাজার টাকা।

শুরুর দিকে এই এয়ার রাইড সুবিধা কেবল বিশ্বের প্রধান শহরগুলোতে চালু হবে। এরপর ধাপে ধাপে অন্যান্য শহরেও বিস্তৃত করার পরিকল্পনা রয়েছে। যাত্রীদের জন্য এটি হবে এক অভিজ্ঞতামূলক যাত্রা, যেখানে জ্যাম, সময়ের চাপ ও দেরির ঝামেলা থাকবে না।

